THE BANGLADESH OBSERVER · 076
তারিখ 30 JAN 1986
পৃষ্ঠা ... কলাম ...

# ইসলামী বিশ্ববিদ্যালয়, টংগী, ঢাকা।

## ১ম বর্ষ ডিগ্রী অনার্স কোর্সে

# ভর্তির বিজ্ঞপ্তি

## শিক্ষাবর্ষ ১৯৮৫-৮৬

ইসলামী বিশ্ববিদ্যালয়ের থিওলোজী এবং ইসলামিক স্টাডিজ, কলা এবং সমাজবিজ্ঞান অনুষদের অন্তর্গত ৩ বৎসর মেয়াদী অনার্স (বাৎসরিক পরীক্ষা পদ্ধতি) কোর্সের প্রথম বর্ষ কোর্সে নিম্নলিখিত বিষয়সমূহে নিম্নবর্নিত শর্তে ছাত্র ভর্তি করিবার জন্য নির্ধারিত ফরমে আগামী ১৫ই ফেব্রুয়ারী ১৯৮৬ ইং তারিখ পর্যন্ত আবেদনপত্র গ্রহণ করা হইবে।

ক) থিওলোজী এবং ইসলামিক স্টাডিজ অনুষদ।
(১) আল-কোরান ওয়া উলুমুল কোরান বিভাগ।
(২) উলুমুল তাওহীদ ওয়াদ দাওয়াত বিভাগ।

খ) কলা এবং সমাজবিজ্ঞান অনুষদ
(১) হিসাব বিজ্ঞান বিভাগ।
(২) ব্যবস্থাপনা বিভাগ।

১। অনার্স কোর্সে ভর্তির জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা।

যে সকল ছাত্র ১৯৮৪ বা ১৯৮৫ সনের উচ্চমাধ্যমিক/ফাজিল পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে এবং মাধ্যমিক/আলিম ও উচ্চমাধ্যমিক/ফাজিল পরীক্ষার যে কোন একটি পরীক্ষায় প্রথম বিভাগ এবং অন্যটিতে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে কেবল তাহারাই ভর্তি পরীক্ষায় অংশ-গ্রহণ করিবার জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবে।

কলা এবং সমাজবিজ্ঞান অনুষদে ভর্তিকৃত সকল ছাত্রের জন্য অনার্স কোর্সের প্রথম বৎসরে ব্যবহারিক আরবী ভাষা ও ইসলামিয়াত ( Fundamentals of Islam ) উভয় বিষয়ের জন্য প্রতি বিষয়ে ৫০ নম্বরের পরীক্ষায় অবশ্যই পাশ করিতে হইবে। অনুরূপভাবে থিওলোজী এবং ইসলামিক স্টাডিজ অনুষদে ভর্তিকৃত সকল ছাত্রের জন্য অনার্স কোর্সের প্রথম বৎসরে ১০০ নম্বরের ব্যবহারিক ইংরেজী পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।

উল্লেখ্য যে আল-কোরান ওয়া উলুমুল কোরান এবং উলুমুল তাওহীদ ওয়াদ দাওয়াদ বিভাগসমূহের প্রতিটিতে অনুর্ধে ৭৫ জন ছাত্র ভর্তি করা হইবে। অনুরূপভাবে হিসাব বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগেও প্রতি বিভাগে ৭৫ জন ছাত্র ভর্তি করা হইবে, তবে হিসাব বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগের প্রতিটিতে ৩০টি আসন ফাজিল পাশ, ৩০টি বানিজ্য শাখা হইতে উত্তীর্ণ এবং বাকী ১৫টি বিজ্ঞান ও কলা শাখা হইতে উত্তীর্ণ ছাত্রদের জন্য নির্ধারিত রাখা হইয়াছে।

সংশ্লিষ্ট সকল ছাত্রদের অবগতির জন্য জানানো যাইতেছে যে ইহা একটী আবাসিক বিশ্ববিদ্যালয় এবং হলে অবস্থান বাধ্যতামূলক।

২। ভর্তি পরীক্ষার আবেদনপত্র ও সময়সূচী সংগ্রহ সম্পর্কিত ঃ

ক) ভর্তির শিক্ষাগত যোগ্যতার গ্রহণযোগ্য দলিলপত্র প্রদর্শন করিয়া ভর্তি পরীক্ষার নির্ধারিত আবেদনপত্র ইহার মূল্য হিসাবে ১০/- (দশ) টাকা নগদ প্রদান সাপেক্ষে রেজিস্ট্রারের দপ্তর হইতে সংগ্রহ করা যাইবে।

খ) মৌখিক ভর্তি পরীক্ষার তারিখ ও সময় যথাসময়ে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হইবে। ভর্তি সংক্রান্ত ব্যাপারে চিঠির মারফত কাহাকেও কোনকিছু জানানো হইবে না।

৩। ভর্তির প্রয়োজনীয় দলিল পত্রাদি প্রদান ও সম্পর্কিত তথ্যাবলী ঃ

ক) ভর্তি ফরমের সংগে ২ (দুই) কপি সত্যায়িত পাসপোর্ট সাইজ ফটো এবং এস,এস,সি/আলিম ও এইচ, এস,সি/ফাজিল উভয় পরীক্ষা পাশের প্রশংসাপত্রের সত্যায়িত কপি ও শিক্ষাবোর্ড কর্তৃক ইস্যুকৃত নম্বর ফর্দের সত্যায়িত কপিসহ জুড়িয়া দিতে হইবে। ইহা ছাড়াও রেজিস্ট্রেশন ফরমও পুরণ করিয়া ভর্তি ফরমের সংগে সংযুক্ত করিয়া দিতে হইবে।

খ) ভর্তি জন্য চুড়ান্তভাবে নির্ব্বাচিত ছাত্রদিগকে তাহাদের মাধ্যমিক/আলিম ও উচ্চ-মাধ্যমিক/ফাজিল বা ইহার অনুমোদিত সমতুল্য পরীক্ষা পাশের মূল প্রশংসাপত্র এবং উভয় পরীক্ষায় শিক্ষাবোর্ড কর্তৃক ইস্যুকৃত মূল নম্বর ফর্দ তাহাদের ভর্তির শিক্ষাগত যোগ্যতা যাচাই করিবার জন্য বিশ্ববিদ্যালয় অফিসের ভর্তির কাজে নিয়োজিত অফিস সহকারীকে অবশ্যই দেখাইতে হইবে। অন্যথা ভর্তি ফিস জমা নেওয়া হইবে না।

৪। ভর্তি সংক্রান্ত নিয়মাবলী ঃ

নির্ব্বাচিত ছাত্রদিগকে রেজিস্ট্রারের দপ্তরের নোটিশ বোর্ডে প্রদত্ত সময়সীমার মধ্যে ভর্তি ফিস জমা দিতে হইবে। অন্যথা তাহাদের ভর্তির নির্বাচন সরাসরি বাতিল হইয়া যাইবে এবং তদস্থলে অন্য ছাত্রকে ভর্তি করা হইবে।

৫। ভর্তি সংক্রান্ত যাবতীয় বিস্তারিত নিয়মাবলী ও তথ্যাবলী নিম্নবর্নিত বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রারের দপ্তর হইতে সংগ্রহ করা যাইবে।

বিঃ দ্রঃ- গত শিক্ষাবর্ষে (১৯৮৪-৮৫) আবেদনকারী ছাত্রদের মধ্যে যাহাদের উপরোক্ত শিক্ষাগত যোগ্যতা আছে এবং অত্র বিশ্ববিদ্যালয়ে (১৯৮৫-৮৬) শিক্ষাবর্ষে ভর্তি হইতে ইচ্ছুক তাহারা ১০/- (দশ) টাকা ফিস ছাড়া সাদা কাগজে আবেদনপত্র জমা দিতে পারিবে।

(মুহাম্মদ খলিলুর রহমান)
রেজিস্ট্রার,
ইসলামী বিশ্ববিদ্যালয়,
বাড়ির নং- ১৭/এ,
রোড নং-৩,
ডি. ও. এইচ. এস. (বনানী)
ঢাকা।

ডি—৭১২৪